অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/14/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো পুয়ের্তো রিকোতে ভূমিকম্প পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করার জন্য 115 জন ন্যাশনাল গার্ড মোতায়েনের ঘোষণা দিলেন

গভর্নর প্রতিনিধি দলের সাথে পুয়ের্তো রিকোর উদ্দেশ্যে যাত্রা করলেন, যাদের মধ্যে রয়েছেন নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) প্রধান নির্বাহী কর্মকর্তা এবং প্রেসিডেন্ট জিল কুইনিয়োন্স, গ্রেটার নিউ ইয়র্ক হাসপাতাল এসোসিয়েশনের (Greater NY Hospital Association) প্রেসিডেন্ট কেনেথ রাসকে, অ্যাসেম্বলি সদস্য মারিতজা ডাভিলা, ব্রঙ্কস বরো (Bronx Borough)-র সভাপতি রুবেন দিয়াজ জুনিয়র, ফাউন্ডেশন ফর এ বেটার পুয়ের্তো রিকো (Foundation for a Better Puerto Rico) থেকে টেরি বিশফ, গভর্নর মেলিসা ডারসার সচিব, রেড ক্রসের (Red Cross) সদস্য এবং বাজেট পরিচালক রবার্ট মুজিকা

গভর্নর, মোতায়েনের উদ্দেশ্যে প্রয়োজনীয় অতিরিক্ত রাষ্ট্রীয় সম্পদ নির্ধারণের জন্য গুয়ানিকা, পোনচে এবং কোস্টা সার পাওয়ার প্ল্যান্টে (Costa Sur Power Plant) ক্ষয়ক্ষতি জরিপ ও মূল্যায়নে প্রতিনিধি দলকে নেতৃত্ব দেবেন

গভর্নর ভূমিকম্পে ক্ষতিগ্রস্থ পুয়ের্তো রিকোর বাসিন্দাদের 800টি কম্বল, 800টি বালিশ এবং 500টি জরুরী প্রস্তুতি কিট সরবরাহ করবেন

গভর্নর অ্যান্ড্রু এম. দ্বীপটিকে ক্ষতিগ্রস্থ করা ধারবাহিক ভূমিকম্পের আঘাত হানার পরবর্তী সময়ে জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করার উদ্দেশ্যে আগামী 90 দিনের মধ্যে পুয়ের্তো রিকোতে 115 জন ন্যাশনাল গার্ড মোতায়েনের অনুমোদন দিয়েছেন। গভর্নর প্রতিনিধি দলের সাথে পুয়ের্তো রিকোর উদ্দেশ্যে যাত্রা করেছেন, যাদের মধ্যে রয়েছেন নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) প্রধান নির্বাহী কর্মকর্তা এবং প্রেসিডেন্ট জিল কুইনিয়োন্স, গ্রেটার নিউ ইয়র্ক হাসপাতাল এসোসিয়েশনের (Greater NY Hospital Association) প্রেসিডেন্ট কেনেথ রাসকে, অ্যাসেম্বলি সদস্য মারিতজা ডাভিলা, ব্রঙ্কস বরো (Bronx Borough)-র সভাপতি রুবেন দিয়াজ জুনিয়র, ফাউন্ডেশন ফর এ বেটার পুয়ের্তো রিকো থেকে টেরি বিশফ, গভর্নর মেলিসা ডারসার সচিব, রেড ক্রসের সদস্য এবং বাজেট পরিচালক রবার্ট মুজিকা। গভর্নরের সঙ্গে তার কন্যা মারিয়া কেনেডি কুউমো থাকবেন; তাদের খরচ ব্যক্তিগতভাবে পরিশোধ করা হচ্ছে।

গভর্নর এবং প্রতিনিধি দলের সদস্যরা ভূমিকম্পে ক্ষতিগ্রস্থ অঞ্চলগুলো পরিদর্শন করবেন এবং দ্বীপে যে অতিরিক্ত রাষ্ট্রীয় সম্পদ জারি করা প্রয়োজন তা নির্ধারণ করার উদ্দেশ্যে গুয়ানিকা, পোনচে

এবং কোস্টা সার পাওয়ার প্ল্যান্টে ক্ষয়ক্ষতি নির্ধারণ করবেন, এবং পাশাপাশি একটি স্থানীয় স্কুল আশ্রয়কেন্দ্রে বসবাসরত ভূমিকম্পে ক্ষতিগ্রস্থ পুয়ের্তো রিকোর বাসিন্দাদের সাথে দেখা করবেন।

"হারিকেন মারিয়া কর্তৃক সৃষ্ট ধ্বংসলীলা এবং দুই বছরেরও বেশি সময় পূর্বে পুনরুদ্ধারের জন্য করা ফেডারেল সরকারের দীর্ঘসূত্রিতার কারণে পুয়ের্তো রিকো এখনও যন্ত্রণাগ্রস্থ, এবং এখন এই দ্বীপটি আবারও একাধিক ভূমিকম্পের ফলে এক বিপর্যয়জনক আঘাতের মুখোমুখি হচ্ছে যা ব্যাপক ক্ষয়ক্ষতি ও বিদ্যুৎ বিহীন পরিস্থিতি সৃষ্টি করে হাজার হাজার পরিবারকে আশ্রয়কেন্দ্রে আসতে বাধ্য করেছে," **গভর্নর কুওমো বলেন।** "প্রথম দিন থেকেই নিউ ইয়র্ক পুয়ের্তো রিকোর পুনরুদ্ধার প্রচেষ্টার একটি অসাধারণ সমর্থক হিসেবে রয়েছে এবং এই চ্যালেঞ্জিং সময়ে আমরা দ্বীপের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে থাকবো। জরুরী পরিস্থিতি মোকাবেলায় সহায়তার জন্য নিউ ইয়র্ক স্টেট ন্যাশনাল গার্ড মোতায়েন করবে এবং আমি ক্ষতির মূল্যায়ন করতে এবং আমরা আরও কী কী সাহায্য করতে পারি তা নির্ধারণ করার জন্য একটি প্রতিনিধি দলের সাথে ভ্রমণ করব।"

নিউ ইয়র্ক এয়ার ন্যাশনাল গার্ডের 105 তম এয়ারলিফ্ট উইং, নিউবার্গ স্টুয়ার্ট এয়ার ন্যাশনাল গার্ড বেস-এ, DRBS নামে পরিচিত একটি বিপর্যয় মোকাবিলার বেড ডাউন সিস্টেম পাঠানো হবে, অনুরোধ পুয়ের্তো রিকান ইমার্জেন্সি ম্যানেজমেন্ট আধিকারিকদের। DRBS সিস্টেমে শীতাতপ নিয়ন্ত্রিত তাঁবু রয়েছে যেটির প্রত্যেকের মধ্যে 16 থেকে 20 জন লোক থাকতে পারে। DRBS-র মধ্যে ঝরনা এবং ল্যাট্রিন সুবিধা, রান্নাঘর এবং স্ব-সহায়ক লন্ড্রি মেশিন, পানি পরিশোধন সুবিধা এবং জেনারেটর রয়েছে। প্রতিটি DRBS 150 জনকে সহায়তা করতে পারে। উইংটি এছাড়াও দক্ষিণ পুয়ের্তো রিকোতে DRBS সুবিধা স্থাপন করবে এমন 26 জন এয়ার ন্যাশনাল গার্ড বিশেষজ্ঞকে পাঠাবে। এই ব্যবস্থাটি চালানোর জন্য মোট 15 জন এয়ারম্যান 90 দিন পর্যন্ত ঘটনাস্থলে অবস্থান করবেন।

উপরন্তু, নিউ ইয়র্ক স্টেট ৪০০টি কম্বল, ৪০০টি বালিশ এবং 500টি জরুরী প্রস্তুতির প্যাক প্রদান করবে যার মধ্যে রয়েছে পুয়ের্তো রিকোর অধিবাসীদের জন্য জরুরী প্রাথমিক এইড কিট, রেডিও, গ্লাভস এবং মাস্ক।

গভর্নরের প্রতিনিধিদলে রয়েছে:

- মিকেলা কেনেডি কুউমো
- NYPA-র সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা গিল সি. কুইনিওনেস,
- কেনেথ রাসকে, গ্রেটার নিউইয়র্ক হাসপাতাল অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট
- অ্যাসেমব্লী সদস্য মার্কস ক্রেসপো
- এসেম্বলি সদস্য মারিযা ডেভিলা,
- ব্রঙ্কস বরো প্রেসিডেন্ট রুবেন ডিয়াজ, জুনিয়র,
- টেরি বিশফ, ফাউন্ডেশন ফর এ বেটার পুয়ের্তো রিকো
- ডারিও জে ডিয়াজ জুনিয়র, রিজিওনাল চিফ ডিজাস্টার অফিসার, গ্রেটার নিউ ইয়র্ক রেড ক্রস

- পুয়ের্তো রিকোর আমেরিকান রেড ক্রসের রিজিওনাল এক্সিকিউটিভ ডিরেক্টর, লি ফেলিসিয়ানো
- মেলিসা ডিরোজা, গভর্নরের সেক্রেটারি
- রবার্ট মুজিকা, স্টেটের বাজেট পরিচালক

2017 সালের সেপ্টেম্বরে হারিকেন মারিয়ার আঘাতের পরে, গভর্নর কুউমো অভাবী কমিউনিটির কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ সংস্থান অব্যাহত রেখেছেন। ঝড়ের অনতিবিলম্বে নিউ ইয়র্ক এম্পায়ার স্টেট ত্রাণ ও পুনরুদ্ধার প্রচেষ্টা (Empire State Relief and Recovery Effort) প্রতিষ্ঠিত করে, যা পুরো স্টেটের 13 টি অনুদান কেন্দ্র থেকে কমপক্ষে 4,400 প্যালেট সাপ্লাই সংগ্রহ করে বিতরণ করে। নিউইয়র্ক স্টেট বিদ্যুৎ পুনরুদ্ধার ও গ্রিড স্থিতিশীলকরণে সহায়তার জন্য শত শত ইউটিলিটি কর্মী ও বিদ্যুৎ বিশেষজ্ঞ সহ 1,000 এর বেশি কর্মীকে মোতায়েন করেছে।

গভর্নরের নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেটের নিউ ইয়র্ক শহরে বাস্তুচ্যুত হারিকেন মারিয়ার শিকার 11,000 এর বেশি ব্যক্তির সমর্থনে প্রায় 13 মিলিয়ন মার্কিন ডলার খরচ করেছে। এই অর্থায়নের কিছু অংশ সেই সব সংস্থার প্রতি উদ্দেশিত যারা বিপন্ন পুয়ের্তো রিকানদের প্রয়োজনীয় পরিষেবার সাথে যুক্ত করে যেমন কর্মসংস্থান, আবাসন, সুবিধাবলীর কাউন্সেলিং ও স্বাস্থ্যসেবা। এছাড়াও গভর্নর কুওমো বাস্তুচ্যুত পুয়ের্তো রিকানদের আবাসন ও কর্মসংস্থান তহবিলের জন্য 11 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি দিয়েছেন: বাস্তুচ্যুত পুয়ের্তো রিকানদের শক্তিশালী কেস ম্যানেজমেন্ট সেবা প্রদানের জন্য একটি 1 মিলিয়ন মার্কিন ডলারের প্রোগ্রাম এবং কাজের প্রশিক্ষণ ও নিয়োগের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত দিবেন।

NYPA বর্তমানে পুয়ের্তো রিকোর গ্রিড পুনর্গঠন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা চালিয়ে যাচ্ছে, বিশেষ করে এই এলাকাগুলোকে গুরুত্ব দিয়ে: প্রযুক্তিগত সহায়তা এবং অ্যাডভোকেসি, ব্যবস্থাপনা ও ক্রিয়াকলাপের সংস্কার, এবং সঙ্কটকালীন প্রস্তুতি শক্তিশালী করা। নভেম্বর 2017 এবং এপ্রিল 2018 এর মধ্যের মাসগুলিতে, NYPA-র নেতৃত্বে 450 এরও বেশি নিউ ইয়র্ক স্টেট ইউটিলিটি কর্মী পুয়ের্তো রিকো যান শক্তি পুনরুদ্ধারে সাহায্য করার জন্য। NYPA-র নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট ইউটিলিটির কর্মীদের, মধ্যে ছিলেন মূলত ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশন বিশেষজ্ঞ, ক্ষতির মূল্যায়নকারী এবং সাধারণ সহায়তার কর্মী, যারা ট্রান্সমিশন লাইন এবং অন্যান্য বৈদ্যুতিক পরিকাঠামো মেরামতের কাজ করেন, তাদের প্রাথমিক শক্তি পুনরুদ্ধারের প্রচেষ্টা সান জুয়ানে কেন্দ্রীভূত করে। তারা তাদের সঙ্গে নিয়ে এসেছেন কয়েকশো বাকেট ট্রাক, ডিগার, খননযন্ত্র এবং অন্যান্য বিশেষ সরঞ্জাম যাতে ক্ষতিগ্রস্ত ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন লাইনের প্রয়োজনীয় মেরামত সম্পন্ন করা যায় এবং দিনে 16 ঘন্টা করে, সপ্তাহে সাত দিন করে কাজ করেন শক্তি পুনরুদ্ধার করতে সাহায্য করার জন্য। নিউ ইয়র্ক স্টেট ইউটিলিটি কর্মীরা তখন সারা দেশের ইউটিলিটি কর্মীদের সাথে যোগ দেন — এডিসন ইলেকট্রিক ইন্সটিটিউট (Edison Electric Institute), আমেরিকান পাবলিক পাওয়ার অ্যাসোসিয়েশন (American Public Power Association) এবং ন্যাশনাল রুরাল ইলেকট্রিক কোঅপারেটিভ অ্যাসোসিয়েশনের (National Rural Electric Cooperative Association) নেতৃত্বে — দ্বীপের অন্যান্য এলাকায় শক্তি পুনরুদ্ধার করতে সাহায্য করার জন্য।

পুয়ের্তো রিকো যাতে আবশ্যকীয় ফেডারেল সহায়তা পায় তার জন্য গভর্নর কুওমো ও নিউ ইয়র্কের কংগ্রেসনাল প্রতিনিধিদল (New York Congressional Delegation) কাজ করে যাচ্ছে। 2017 সালে, গভর্নর কুওমো সহ নিউইয়র্ক কংগ্রেসনাল প্রতিনিধিদলের সদস্য ও পুয়ের্তো রিকান নির্বাচিত কর্মকর্তাদের সাথে একটি বিল্ড ব্যাক বেটার অ্যাসেসমেন্ট রিপোর্ট জারি করেছিলেন। প্রতিবেদনটি বিনিয়োগ প্রয়োজন এমন সুনির্দিষ্ট খাত চিহ্নিত করে যেমন আবাসন, পাওয়ার গ্রিড এবং স্থিতিস্থাপকতা, কৃষি ইত্যাদি।

2018 সালের গ্রীষ্মের পরে, গভর্নর কুওমো পুয়ের্তো রিকো রিকভারি এবং পুনর্নির্মাণ উদ্যোগ (Puerto Rico Recovery and Rebuilding Initiative) এর সাথে গ্রীষ্ম-ব্যাপী নিউ ইয়র্ক স্ট্যান্ডগুলোর সফল সমাপ্তির ঘোষণা করেছেন। গ্রীষ্মের পুরো সময় জুড়ে, 650 জনেরও বেশি স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY) ও সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York, CUNY) এর শিক্ষার্থী, পাশাপাশি দক্ষ শ্রম স্বেচ্ছাসেবীরা, প্রয়োজনীয় ব্যক্তিদের সহায়তা প্রদানের জন্য হারিকেন মারিয়া ও ইর্মা থেকে এখনো পুনরুদ্ধার হওয়া দ্বীপের কমিউনিটিতে ভ্রমণ করেছিলেন। বাড়িঘর পরিষ্কার, পুনঃস্থাপন ও পুনর্নির্মাণ করতে পাঁচ বারে মোতায়েন করা স্বেচ্ছাসেবকেরা প্রায় 41,000 ঘন্টার কাজ করেছে। 150 টি বাড়ি সংস্কার করার লক্ষ্য অতিক্রম করে 10 সপ্তাহে মোট 178 টি বাড়ি পুনঃস্থাপন করা হয়। 2019 সালের পুরো গ্রীষ্ম জুড়ে পুনরুদ্ধার প্রচেষ্টাতে সহায়তা করার জন্য গভর্নর SUNY ও CUNY শিক্ষার্থীদের মোতায়েন অব্যাহত রেখেছেন।

গভর্নর কুওমোর নির্দেশানুযায়ী, SUNY ও CUNY এর বোর্ড অব ট্রাস্টি 2017 সালের শরৎকালে বিধিমালা পাশ করেছে যার ফলে হারিকেন মারিয়া ও ইর্মা দ্বারা ক্ষতিগ্রস্ত পুয়ের্তো রিকো ও মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিন দ্বীপপুঞ্জের ছাত্রছাত্রীদের 2017-2018 শিক্ষাবর্ষে স্টেট-মধ্যস্থ হারে টিউশন ফি পরিশোধ করার অনুমতি দেওয়া হয়েছে। উভয় সিস্টেমই 2018-2019 সালের শিক্ষা বর্ষের জন্য স্টেট-মধ্যস্থ টিউশনের অনুদান নবীকরণ করেছে।

পুয়ের্তো রিকোর জন্য চলমান পুনরুদ্ধার ও ত্রাণ প্রচেষ্টার বেপারে আরো তথ্য জানতে, অনুগ্রহ করে গভর্নরের পুয়ের্তো রিক ও মার্কিন ভার্জিন আইল্যান্ডের জন্য এম্পায়ার স্টেট ত্রাণ ও পুনরুদ্ধার প্রচেষ্টার ওয়েবপেজ ভিজিট করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন